



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(ইস্যু হিসাব শাখা)

ডিসিএম সার্কুলার লেটার নং- ০৪/২০২৪

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩১
১৮ নভেম্বর ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

তফসিলি ব্যাংক কর্তৃক ধাতব মুদ্রা বিনিময় ও সংরক্ষণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ১২/১১/২০১৫ তারিখের ডিসিএম পরিপত্র নং- ১২/২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পরিপত্রে তফসিলি ব্যাংকগুলোকে জনসাধারণের দৈনন্দিন স্বাভাবিক লেনদেনের স্বার্থে প্রতিটি শাখায় ১, ২ ও ৫ টাকা মূল্যমানের ন্যূনতম নির্দিষ্ট সংখ্যক ধাতব মুদ্রা সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। বিভিন্ন উৎস হতে প্রাপ্ত তথ্য হতে জানা যায় যে, বেশ কিছু তফসিলি ব্যাংকের শাখা পরিপত্রের ভুল ব্যাখ্যা প্রদান করে নির্দিষ্ট পরিমাণ ধাতব মুদ্রা শুধুমাত্র ভল্টে সংরক্ষণ করলেও জনসাধারণের চাহিদা মোতাবেক লেনদেন করছে না। ফলশ্রুতিতে, ধাতব মুদ্রার চাহিদা থাকলেও জনসাধারণ তফসিলি ব্যাংক হতে ধাতব মুদ্রা সংগ্রহ করতে পারছে না। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে আপনাদেরকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- জনসাধারণের চাহিদা মোতাবেক ১, ২ ও ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রা লেনদেনের বিষয়টি নিশ্চিত করা।
- লেনদেন স্বাভাবিক রাখার নিমিত্ত ১, ২ ও ৫ টাকা মূল্যমানের ধাতব মুদ্রা সংরক্ষণের বিষয়ে নিম্নোক্ত সারণী অনুসরণ করা:

তফসিলি ব্যাংকের শাখা	ধাতব মুদ্রা সংরক্ষণের ন্যূনতম সংখ্যা		
	১/-	২/-	৫/-
স্থানীয় কার্যালয় ও ফিডিং শাখায়	২৪,০০০ পিস	২৪,০০০ পিস	১৫,০০০ পিস
অন্যান্য প্রতিটি শাখায়	৮,০০০ পিস	৮,০০০ পিস	৫,০০০ পিস
প্রতিটি উপশাখায়	২,০০০ পিস	২,০০০ পিস	১,০০০ পিস

- লেনদেনের ফলে ধাতব মুদ্রার স্থিতি হ্রাস পেতে পারে। স্থিতি ন্যূনতম সংখ্যা থেকে হ্রাস পেলে জনসাধারণ, নিজস্ব ফিডিং শাখা ও প্রয়োজনে নিকটস্থ বাংলাদেশ ব্যাংক হতে সংগ্রহ করা।

উল্লেখ্য, উপরে উল্লিখিত পরিপত্রের অপরাপর নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,
Vag Rahim

(কে এম ইব্রাহিম)
পরিচালক(ডিসিএম)
ফোন: ৯৫৩০০৯০